# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-07-2025** **Time: 7.35 A.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) জোকার আই আই এম-এ তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা পুলিশ, ৯ সদস্যের সিট গঠন করেছে। স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে রাজ্য মহিলা কমিশনও।

২) রাজ্যে নারীদের সুরক্ষা নিয়ে প্রশ্ন তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগ দাবি করেছে বিজেপি।

৩) বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের কথিত হেনস্থার প্রতিবাদে পথে নামছে তৃণমূল কংগ্রেস। রাষ্ট্রপতির হস্তক্ষেপ চেয়ে চিঠি দিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

৪) চাকরীতে পুনর্বহাল সহ একগুচ্ছ দাবিতে আজ নবান্ন অভিযানের ডাক দিয়েছেন চাকরীহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা।

৫) স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগের পরীক্ষার আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে।

৬) উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং উত্তর ওড়িশা উপকূলে ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বেশিরভাগ জেলাতেই বজ্রবিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা।

---

কলকাতার জোকার আই আই এম-এ এক মনোবিদ তরুণীকে যৌন নির্যাতনের অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা পুলিশ ৯ সদস্যের বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে। এর নেতৃত্বে রয়েছেন অ্যাসিসট্যান্ট কমিশনার পদমর্যাদার এক আধিকারিক। ফরেন্সিক বিশেষজ্ঞেরা ইতোমধ্যেই ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করেছেন। বয়েজ হস্টেলের যে ঘরে এই যৌন নির্যাতনের ঘটনা ঘটে বলে অভিযোগ, সেটিও সিল করে দেওয়া হয়েছে। অভিযুক্তের জামা কাপড়ও পরীক্ষার জন্য নিয়ে যাওয়া হয়েছে। করা হয়েছে তার মেডিকেল পরীক্ষাও। ক্যাম্পাসের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে। ধৃত ছাত্রের পরিবারের সদস্যদেরও হরিদেবপুর থানায় জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়েছে।

এদিকে, এই ঘটনায় স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে রাজ্য মহিলা কমিশন। চেয়ারপার্সন লীনা গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে কমিশনের একটি দল গতকাল টালিগঞ্জে ডিসির অফিসে যায়।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থায় যে ঘুণ ধরেছে, শিক্ষা প্রতিষ্ঠানে এধরনের ধর্ষণের ঘটনা তারই প্রমাণ। শাসকদলের মদতেই এই ধরনের অন্যায় বলেও তার দাবি।

বাইট

-------------------

পূর্ব মেদিনীপুরের খেজুরির ভাঙনমারি গ্রামে দুই দলীয় কর্মীর দেহ উদ্ধারের ঘটনায় বিজেপি আজ ১২ ঘন্টার খেজুরি বনধের ডাক দিয়েছে। বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে জনকা থেকে বিদ্যাপীঠ মোড় পর্যন্ত প্রতিবাদ মিছিল হবে। পরিকল্পিতভাবেই তাদের খুন করা হয়েছে বলে শুভেন্দুবাবু অভিযোগ করেছেন।

আগেই জানানো হয়েছে, গত শুক্রবার এক ধর্মীয় অনুষ্ঠানের পর সুধীর পাইক ও সুজিত দাস নামে দুই বিজেপি কর্মীর দেহ উদ্ধার হলে চাঞ্চল্য ছড়ায়।

রাজ্যে নারীদের সুরক্ষা নিয়ে প্রশ্ন তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগ দাবি করেছে বিজেপি। দলের পক্ষ থেকে গতকাল পূর্ব মেদিনীপুরের কাঁথিতে কন্যা সুরক্ষা যাত্রার আয়োজন করা হয়। একইসঙ্গে খেজুরির ঘটনার প্রতিবাদে হিন্দু সুরক্ষা যাত্রা করেন শুভেন্দুবাবু। তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্যে মহিলা সুরক্ষিত নয় বলে অভিযোগ তুলেছেন তিনি।

------------------

পশ্চিমবঙ্গের বাংলাভাষী মানুষ ও পরিযায়ী শ্রমিকের বিভিন্ন রাজ্যে কথিত হেনস্থার অভিযোগ তুলে প্রতিবাদে সামিল হচ্ছে তৃণমূল কংগ্রেস। দলের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী বুধবার বেলা দুটো থেকে রাজ্যের সব সংগঠনিক জেলায় তারা প্রতিবাদ মিছিল করবে। মূল মিছিলটি হবে কলকাতায় কলেজ স্কয়ার থেকে ধর্মতলা পর্যন্ত। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিরও এই মিছিলে থাকার কথা।

------------------

প্রধানমন্ত্রীর বিকাশ মডেলে কোনোরকম ভেদাভেদ নেই বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। গতকাল দলীয় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, কেন্দ্রীয় বিকাশ মডেলে হিন্দু-মুসলমান সবার সমান জায়গা রয়েছে। মমতা ব্যানার্জী বিপদে পড়লে বাঙালী ও বাংলাভাষী ধুয়ো তোলেন বলে অভিযোগ করেন তিনি।

বাইট সুকান্ত

------------------

উড়িষ্যা, মহারাষ্ট্র সহ একাধিক রাজ্যে বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের হেনস্থা ও বেআইনি আটক এর মত ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে রাষ্ট্রপতির হস্তক্ষেপ চেয়ে চিঠি পাঠিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। ওই চিঠিতে অধীর বাবু লেখেন, শুধুমাত্র বাংলা ভাষা বলার জন্য বাংলাদেশি সন্দেহে জীবিকার তাগিদে যাওয়া ভারতীয় নাগরিক পরিযায়ী শ্রমিকদের ওপর ওইসব রাজ্যে বেআইনিভাবে নির্যাতন করা হচ্ছে। পরিযায়ী শ্রমিকদের সুরক্ষার জন্য রাষ্ট্রপতির কাছে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়েছেন অধীর বাবু।

-------------------

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে প্রধানমন্ত্রীর জনসভার প্রস্তুতি চলেছে পুরোদমে। কেন্দ্রীয় ও রাজ্য স্তরেরর একাধিক নেতা নেত্রী গতকাল সভাস্থল পরিদর্শন করেন। নেহরু স্টেডিয়াম সংলগ্ন যোগা সেন্টারে এক বৈঠকে উপস্থিত ছিলেন দলের কেন্দ্রীয় নেতা সতীশ ধুন্দ, বিধায়ক অগ্নিমিত্রা পাল, রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় প্রমুখ। আগামী ১৮ ই জুলাই নেহরু স্টেডিয়ামেই প্রধানমন্ত্রীর জনসভা করার কথা। নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখছেন কেন্দ্রীয় বাহিনীর সদস্যরা।

-------------------

বীরভূমের সাঁইথিয়ার ইটাহাট সমবায় সমিতির নির্বাচনে জয় পেয়েছে বিজেপি। নির্বাচনে অংশ নিয়েও তৃণমূল কংগ্রেস এবং বামেরা একটিও আসন জিততে পারেনি। মোট ৯ টি আসনের জন্য গতকাল ভোট নেওয়া হয়। সব কটিতকেই জেতেন বিজেপি প্রার্থীরা। বোলপুর সাংগঠনিক জেলার বিজেপি সভাপতি শ্যামাপদ মন্ডল বলেন, রাজ্যে

নির্বাচনের নামে প্রহসন হয়। মানুষ যেখানে ভোট দিতে পেরেছেন, পরাজিত হয়েছে তৃণমূল কংগ্রেস।

-------------------

চলতি জুলাই থেকে অক্টোবর বছরে এই চার মাস রাজ্যে চা পাতার উৎপাদন হয় সবচেয়ে বেশি। ছোট চা বাগানগুলির সংগঠন সিস্টার দাবি, এই সময়ে পাতার দাম উৎপাদন খরচের নিচে নেমে যায়। অথচ রাজ্যের মোট উৎপাদিত ৪৩ কোটি কেজি চায়ের মধ্যে ৬৪ শতাংশ উৎপাদন করেন তাঁরা। ফলে প্রবল আর্থিক সংকটের সম্মুখীন এই ছোট ক্ষেত্রগুলি। এই পরিস্থিতিতে বিশেষ সুরক্ষা প্রকল্প চেয়ে কেন্দ্রকে চিঠি দিলেন ছোট চা বাগানের মালিকরা। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-------------------

চাকরিতে পুনর্বহাল সহ একগুচ্ছ দাবিতে আজ নবান্ন অভিযানের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা। আইনি পথে যোগ্যদের চাকরি ফেরানো, ২২ লক্ষ ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশ, অযোগ্যদের বরখাস্তের দাবিতে তাদের একাধিক সংগঠন এই কর্মসূচীতে সামিল হবে।

হাওড়া স্টেশন থেকে ফোরশোর রোড হয়ে মিছিল নবান্নের দিকে যাবে বলে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল জানিয়েছেন।

বাইট

এই কর্মসূচীর জন্য কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হচ্ছে, রাস্তায় রাস্তায় ব্যারিকেড বসাচ্ছে পুলিশ।

এছাড়াও ২১, ২২ ও ২৩-শে জুলাই দিল্লিতে আন্দোলনের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা।

-------------------

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগের পরীক্ষার আবেদনের সময়সীমা এক সপ্তাহ বাড়ানো হয়েছে। আজ ১৪ জুলাই পর্যন্ত আবেদনের শেষ তারিখ থাকলেও এক বিজ্ঞপ্তিতে স্কুল সার্ভিস কমিশন সেই সময়সীমা বাড়ানোর কথা জানিয়েছে। প্রার্থীরা ২১ শে জুলাই বিকেল ৫ টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করতে পারবেন। ঐদিনই রাত ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদনের ফি জমা দেওয়া যাবে। নবম দশমে ২৩ হাজার ২১২ টি এবং একাদশ দ্বাদশে ১২ হাজার ৫১৪ টি শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে।

-------------------

দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের চালতাবেড়িয়ায় তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি রাজ্জাক খানের হত্যার ঘটনায় ধৃত শাসক দলের নেতা মোফাজ্জেল মোল্লার বিশে জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। তাকে গতকাল বারুইপুর আদালতে তোলা হয়। উত্তর কাশিপুর এলাকার বাসিন্দা মোফাজ্জেলকে খুনের পরেও বিধায়ক শওকত মোল্লার সঙ্গে এলাকায় দেখা যায়। গত পঞ্চায়েত নির্বাচনে পরাজিত তৃণমূল কংগ্রেস প্রার্থী মোফাজ্জেলই এই খুনের মূল চক্রী বলে পুলিশের অনুমান। এলাকা দখল, লেনদেন নিয়ে ঝামেলার জেরেই এই হত্যা বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে।

গত বৃহস্পতিবার রাতে দলীয় কার্যালয় থেকে বেরিয়ে বাড়ি ফেরার পথে বিজয়গঞ্জ বাজারের কাছে রাজ্জাক খানকে কুপিয়ে ও গুলি করে খুন করা হয়।

------------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও উত্তর ওড়িশা উপকূলে সৃষ্ট ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপ অঞ্চলে পরিণত হওয়ার সম্ভাবনা। এর প্রভাবে রাজ্যের বেশিরভাগ জেলাতেই বজ্রবিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য্য বলেন,

বাইট

অতিভারি বৃষ্টি হতে পারে পশ্চিম মেদিনীপুরে। এছাডাও হিমালয় সংলগ্ন দার্জিলিং, কালিম্পং এবং জলপাইগুড়িতে আজ ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

------------------

টানা বৃষ্টিতে মাটির বাড়ির দেওয়াল চাপা পড়ে হুগলির পাণ্ডুয়ার সোনাটিকরি এক গৃহবধূর মৃত্যু হয়েছে। রাজিয়া খাতুন নামে ঐ মহিলা গতকাল সকালে বাড়ির কাজ করার সময় মাটির দেওয়াল তাঁর উপর ভেঙ্গে পড়ে। আশঙ্কাজনক অবস্থায় প্রথমে মেমারি গ্রামীণ হাসপাতাল এবং পরে বর্ধমান মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হলে, সেখানেই তাঁর মৃত্যু হয়।

------------------ ------------------